



ভিয়েতনামের বিপক্ষে ৩-০ ব্যবধানে হার বাংলাদেশের



সংগৃহীত ছবি

ফিফা আন্তর্জাতিক প্রীতি ম্যাচে ভিয়েতনামের বিপক্ষে ৩-০ গোলে হেরেছে বাংলাদেশ। প্রথমার্ধে দ্রুত তিন গোল হজমের পর দ্বিতীয়ার্ধে ঘুরে দাঁড়ানোর চেষ্টা করলেও ম্যাচে ফেরার পথ খুঁজে পায়নি লাল-সবুজের প্রতিনিধিরা।

বৃহস্পতিবার (২৬ মার্চ) হ্যানয়ের হাং জু স্টেডিয়ামে শুরু থেকেই দাপট দেখায় স্বাগতিক ভিয়েতনাম। ম্যাচের ৮ মিনিটেই রক্ষণভাগের ভুলে গোল খেয়ে পড়ে বাংলাদেশ। ১৮ মিনিটে কর্নার থেকে আসা বলে হেডে ব্যবধান বাড়ান প্যাম চুন মান।

এরপর আক্রমণের ধার অব্যাহত রাখে ভিয়েতনাম। ৩৮ মিনিটে হাই লংয়ের কোণাকুণি শটে তৃতীয় গোল হজম করে বাংলাদেশ। প্রথমার্ধ শেষ হয় ৩-০ ব্যবধানে।

বিরতির পর কিছুটা গুছিয়ে ওঠে বাংলাদেশ। রক্ষণভাগে শৃঙ্খলা ফিরে পায় দল, ফলে দ্বিতীয়ার্ধে আর গোল হজম করতে হয়নি। তবে আক্রমণে কয়েকটি চেষ্টা থাকলেও গোলের দেখা মেলেনি।

আসন্ন ম্যাচের প্রস্তুতির অংশ হিসেবেই এই লড়াইয়ে মুখোমুখি হয়েছিল দুই দল। আগামী ৩১ মার্চ বাংলাদেশ খেলবে সিঙ্গাপুরের বিপক্ষে, আর ভিয়েতনাম নামবে মালয়েশিয়ার বিরুদ্ধে।